

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয় ঢাকা।
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/প্রশা-২/অভিযোগ-১/২০০৮

তারিখঃ ৩১/০৫/২০১৫খ্রি:

আদেশ


যেহেতু, করিম সরদার, গাড়ীচালক, নিমিউ এন্ড টিসি মহাখালী ঢাকা গত ১৪/০৫/২০১৫ ইং বিকাল ৩.০০ ঘটিকার সময় চীফ টেকনিক্যাল ম্যানেজার জনাব আঃ কাইয়ুম নিমিউ এন্ড টিসি অফিস ত্যাগ করার সময় তার গাড়ী অবরোধ করেন। তাঁর প্রতি উত্তেজিত হয়ে তাকে গাল মন্দ ও শারীরিকভাবে লাঞ্চিত করতে উদ্যত হয়। জনাব আঃ কাইয়ুম এর সাথে শিষ্টাচার বহির্ভূত আচরণ করেছেন;

সেহেতু, তাঁর এহেন আচরণ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক “অসদাচরণ” এর হিসেবে গণ্য;

যেহেতু, করিম সরদার, গাড়ীচালক, নিমিউ এন্ড টিসি মহাখালী ঢাকা -কে কর্মরত রাখা হলে অফিস শৃংখলা ভঙ্গ হতে পারে এবং অফিসের ভাবমূর্তি ক্ষুন্ন হবার সমূহ সম্ভাবনা রয়েছে;

এক্ষণে সেহেতু, তাঁকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

প্রচলিত নিয়ম মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতাদি প্রাপ্য হবেন;



(মো: রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৭২১

নং-স্বাপকম/প্রশা-২/অভিযোগ-১/২০০৮/৬৬৩/১(৬)

তারিখঃ ৩১/০৫/২০১৫খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। চীফ টেকনিক্যাল ম্যানেজার নিমিউ এন্ড টিসি, মহাখালী ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হয়েছে)
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। হিসাবরক্ষক, নিমিউ এন্ড টিসি, মহাখালী ঢাকা।
- ৮। জনাব মো: করিম সরদার, গাড়ীচালক, নিমিউ এন্ড টিসি, মহাখালী ঢাকা।


(মো: রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব